আনন্দস্বরূপ বাসুদেবেরই সত্তায় জাগতিক সুখ সুখরূপে প্রতিভাত হয়। এই অভিপ্রায়ে শ্রুতি বলেন—"এসস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তি" অন্যভূতোপাধি জীবসমূহ এই আনন্দেরই কণালাভে জীবিত আছে। অতএব সেই সকাম ধর্ম্মানুষ্ঠানের তাৎপর্য্যও শ্রীবাসুদেবে। অথবা "শ্রীবাসুদেবপরা বেদা" প্রভৃতি বাক্যের অন্য অর্থও প্রকাশ পায়। নিখিল বেদের তাৎপর্য্য যদি শ্রীবাসুদেব হইলেন, তাহা হইলে বেদকে আশ্রয় করিয়াই প্রবৃত্ত নিখিলশাস্ত্র ও নিখিলসাধন অবশ্যই বাসুদেবপরই; তাহা না হইলে সকল শাস্ত্র ও সকলসাধন অবৈদিক অর্থাৎ বেদ বাহ্য হইয়া পড়ে। তাহাতে একটী প্রশ্ন উঠিতে পারে যে, সেই সকল শাস্ত্র ও সাধনের লক্ষ্য মখ-যোগ-ক্রিয়াদি নানাপ্রকার দেখা যায়। অতএব শাস্ত্রেও সাধনসমূহের বাসুদেবেই মুখ্য তাৎপর্য্য কেমন করিয়া হইতে পারে? তাহারই উত্তরে পৃথক মখ-যোগ-ক্রিয়াদির বাসুদেবই একমাত্র তাৎপর্য্য—ইহা দেখাইবার জন্যই পুনশ্চ ঐ সকলের পৃথক্ পৃথক্ উল্লেখ করা হইয়াছে, এইটীই বিশেষ দেখিবার বিষয়। এই পর্য্যন্ত শ্রীধরস্বামীপাদকৃত টীকার ব্যাখ্যা করা হইল। "বাসুদেবপরা বেদাঃ"—এই শ্লোকে যোগাদি সাধনার কোন প্রকারে ভগবদ্ভক্তি সাধনে সাহায্যকারিত্ব আছে বলিয়াই, বাসুদেবই এই সকল শাস্ত্রের ও সাধনের মুখ্য তাৎপর্য্য বুঝিতে হইবে। তাহা হইলে পূর্ব্বোক্ত প্রকারে দ্বাবিংশতিশ্লোকে শ্রীসূতমুনি ভগবদ্ভজনেরই অভিধেয়ত্ব অর্থাৎ আবশ্যকতা দেখাইয়া পূর্ব্ববর্ণিত সর্ব্বশাস্ত্র সমন্বয় শ্রীবাসুদেবই স্থাপন করিয়া একটী শ্লোকে বলিতেছেন—অগ্রে সেই ভগবান্ বাসুদেবই নিজ অধীনা কার্য্যকারণরূপা গুণময়ী মায়াদ্বারা মহত্তত্ত্ব হইতে আরম্ভ করিয়া বিরিঞ্চি পর্য্যন্ত সকল সৃষ্টি করিয়াছেন। কিন্তু মায়া দ্বারা সকল সৃষ্টি করিয়াও তিনি মায়াগুণে অলিপ্ত। যেহেতু তিনি বিভু অর্থাৎ ব্যাপক, সেইজন্য পরিচ্ছিন্ন বস্তুমায়া অপরিচ্ছিন্ন বস্তু বাসুদেবকে আবরণ করিতে পারে না। ইতি শ্লোকার্থ ॥ ২২ ॥

টীকা চ—জগৎসর্গপ্রবেশনিয়মনাদিলীলাযুক্তে বস্তুনি সর্ব্বশাস্ত্র-সমন্বয়োদৃষ্টস্তে কথং বাসুদেবপরত্বং সর্ব্বস্য তত্রাহ স এ বেতি চতুর্ভিরিত্যেষা। ইদং মহদাদিবিরিঞ্চি-পর্য্যন্তম্। এবং প্রবেশাদিকাপি উত্তরশ্লোকেষু দ্রষ্টব্যা ॥ ১ ॥ ২ ॥ শ্রীসূতঃ শ্রীশৌনকম্ ॥ ১৮—২২ ॥

শ্রীভাগবতাবির্ভাবকারণে শ্রীনারদব্যাসসংবাদেঽপি—নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাববর্জ্জিতম্ ন শোভতে জ্ঞানমলং নিরঞ্জনম্। কুতঃ পুনঃ শশ্বদভদ্রমীশ্বরে ন চার্পিতং কর্ম্ম যদপ্যকারণম্॥ ইত্যাদ্যাদ্রতম্। টীকা চ—নির্দ্দর্ম্ম ব্রহ্ম তদেকাকারত্বান্নিষ্কর্ম্মতারূপম্